

নান্দাইলে অপহৃত স্কুলছাত্রীকে ১৪ দিন পর উদ্ধার

নান্দাইল (ময়মনসিংহ) থেকে নিজস্ব সংবাদদাতা ৪ নান্দাইলের পল্লীতে অপহৃত স্কুলছাত্রীকে ১৪ দিন পর বুধবার গফরগাঁও কামারিয়া চর থেকে উদ্ধার করা হয় বলে জানা গেছে।

প্রকাশ, ১৭ই এপ্রিল নান্দাইল উপ-জেলার বীরকামাটখালী উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী কাদিরপুর গ্রামের বাচ্চু মিয়া'র কন্যা পতাহমিনা দোলনকে (১১) চরকামাটখালী গ্রামের হোসেন আলীর ছেলে সোহেল (১৯) ও তার দুই সহযোগী মিলে অস্ত্রের মুখে রাস্তা থেকে অপহরণ করে নারায়ণগঞ্জ নিয়ে রাখে। ১লা মে রাতের ট্রেনে দোলনকে নিয়ে অপহরণকারীরা গফরগাঁও স্টেশনে নেমে রাত যাপনের পর অজানা গন্তব্যে যাওয়ার পথে ব্রহ্মপুত্র নদ নৌকাযোগে পাড়ি দেয়ার সময় অপহৃতার মামা দুলাল ও লাল মিয়া'র সামনে পড়ে গেলে অপহরণকারীরা দৌড়ে পালিয়ে যায়। অপহৃতাকে তার মামা উদ্ধার করে নান্দাইল থানায় নিয়ে এলে থানা পুলিশ অপহৃতার ডাক্তারি পরীক্ষা ও জবানবন্দী নেয়ার জন্য ময়মনসিংহ প্রেরণ করে। অপহৃত জানায়, গত কয়েকদিনে তাকে শারীরিক নির্যাতন করা হয়।